

“সমৃদ্ধির সোনালী দিন
আনতে হলে আয়কর দিন”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-খুলনা।

“সুখী স্বদেশ গড়তে ভাই
আয়করের বিকল্প নাই”

অগ্রীম আয়কর (৪র্থ কিস্তি) পরিশোধের জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা কর অঞ্চল-খুলনা'র আওতাধীন ১০টি জেলার (খুলনা, যশোর, সাতক্ষীরা, বাগেরহাট, নড়াইল, মাগুরা, ঝিনাইদহ, চুয়াডাঙ্গা, মেহেরপুর ও কুষ্টিয়া) সম্মানিত করদাতাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে ২০১৬-২০১৭ কর বছরের অগ্রীম আয়কর (৪র্থ কিস্তি) পরিশোধের শেষ তারিখ আগামী ১৫ জুন, ২০১৬ খ্রি.। সুতরাং যেসব সম্মানিত করদাতার কৃষি আয় ও মূলধনী লাভ বাদে সর্বশেষ নির্ধারিত আয় ৪(চার) লক্ষ টাকার অধিক তাদের'কে ২০১৬-২০১৭ কর বছরের অগ্রীম আয়কর (৪র্থ কিস্তি) আগামী ১৫ জুন, ২০১৬ খ্রি. তারিখের মধ্যে পরিশোধ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

মনে রাখবেন, সময়মত অগ্রীম আয়কর পরিশোধ না করলে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৬৯ ধারা মোতাবেক “খেলাপী করদাতা” হিসেবে গণ্য করে ১২৫ ধারায় জরিমানা এবং ৭৩ ধারায় সরল সুদ ধার্য করা হতে পারে।

সুতরাং সময়মত অগ্রীম আয়কর পরিশোধ করে জরিমানা ও সরল সুদ এড়িয়ে চলার জন্য সম্মানিত করদাতাগণকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

কর অঞ্চল- খুলনা'র ১০টি জেলার আয়কর জমার হিসাব কোডঃ

- (১) কোম্পানী করদাতাদের জন্য : ১-১১৪১-০০৫৫-০১০১
- (২) কোম্পানী ব্যতীত অন্যান্য করদাতাদের জন্য : ১-১১৪১-০০৫৫-০১১১

সুনীল কুমার সাহা
কর কমিশনার
কর অঞ্চল- খুলনা